



যুক্তরাষ্ট্রে ইউরেনিয়াম স্থানান্তরে দাবি ভিত্তিহীন: ইরান



ইরানের পতাকা। ছবি : সংগৃহীত

ইউরেনিয়াম বিদেশে পাঠানো নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে মতবিরোধ দেখা দিয়েছে। ওয়াশিংটনের দাবি, তেহরান এ বিষয়ে সম্মত হয়েছে। তবে ইরান সেই দাবি সরাসরি অস্বীকার করেছে।

শনিবার (১৮ এপ্রিল) আলজাজিরার এক প্রতিবেদনে বলা হয়, ইরান জানিয়েছে সমৃদ্ধ ইউরেনিয়াম দেশের বাইরে পাঠানোর কোনো সিদ্ধান্ত হয়নি এবং ভবিষ্যতেও এমন প্রস্তাবে তারা রাজি হবে না। দেশটির পক্ষ থেকে বলা হয়, ইউরেনিয়াম সমৃদ্ধকরণ বন্ধ করা তাদের জন্য ‘লাল রেখা’।

অন্যদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, ইরান তাদের ইউরেনিয়াম মজুত হস্তান্তর করবে। তবে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় তা নাকচ করে জানায়, এটি দেশের সম্পদ এবং কোনোভাবেই বাইরে নেওয়া হবে না।

ইরান দাবি করে, তাদের পারমাণবিক কর্মসূচি শান্তিপূর্ণ বিদ্যুৎ উৎপাদনের জন্য। তবে বিভিন্ন তথ্য অনুযায়ী, দেশের একমাত্র পারমাণবিক কেন্দ্র থেকে উৎপাদন মোট চাহিদার খুবই সামান্য অংশ পূরণ করে।